

# পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনদের,

যে কোনো খবরের কাগজ বা পত্রপত্রিকায় দেখুন, সেখানে নম্বরগুলি শতাংশ হিসাবে দেওয়া থাকে। খেলার খবরেও দেখেছেন কি পরিসংখ্যান দেওয়া হয়ে থাকে শতাংশে। শতাংশ সব জায়গায়। কিন্তু এই শতাংশ আসলে কি? শতাংশের আঙ্করিক অর্থ হল প্রতি ১০০-র জন্য, তাই ৫০ শতাংশ মানে এই ভগ্নাংশ  $\frac{৫০}{১০০}$  (বা  $\frac{১}{২}$ ) অথবা দশমিক ০.৫০ (বা ০.৫)। ভগ্নাংশ, দশমিক ও শতাংশ একে অপরের জায়গায় ব্যবহার করা হয় সম্পূর্ণের অংশ বোঝাতে।

সাধারণত শতাংশ কথাটি কোনো বস্তুর শতাংশ বোঝাতে ব্যবহার করা হয়। যেমন আপনারা হয়ত শুনতে পাবেন গত নির্বাচনে মাত্র ৭৩ শতাংশ ভোটদাতারা ভোট দিয়েছিলেন। বস্তুটি মাত্রায় যত বড়ই হোক না কেন ১০০ শতাংশ মানে পুরোটা ও ৫০ শতাংশ মানে তার অর্ধেক। যেমন বস্তুটি বাড়ে বা কমে, তেমনি শতাংশটি যে পরিমাণ নির্দেশ করছিল তারও পরিবর্তন ঘটে। উদাহরণ স্বরূপ, ১০ টি কুকুরের ৫০ শতাংশ মানে ৫ টি কুকুর, কিন্তু ১০০ টি কুকুরের ৫০ শতাংশ মানে ৫০ টি কুকুর।

## আপনারা বাড়িতে কী করতে পারেন ?

এই অধ্যায়টি পড়ার সময় আপনারা বা আপনাদের ছাত্র/ছাত্রীরা দৈনন্দিন জীবনে শতাংশের ব্যবহার সম্বন্ধে হয়ত আরো বেশি জানতে চাইবেন। যেমন আপনি আপনার সন্তানকে বলতে পারেন :

- রেস্টোরাঁয় আপনি যে টিপ দিচ্ছেন তার হিসাব রাখতে,
- একটি বস্তু যা শতাংশ ছাড়ে বিক্রি হচ্ছে তার দাম হিসাব করতে,
- কেনাকাটার বিষয়ে ভিন্ন ভিন্ন দামের বস্তুর উপর ভিন্ন ভিন্ন ছাড়ের শতাংশ তুলনা করে দেখতে, এবং
- ক্রেডিট কার্ডের সুদের হারের তুলনা করে দেখতে।